

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২১.৫৫

তারিখ: ২২ বৈশাখ ১৪২৮

০৫ মে ২০২১

বিষয়: দিনাজপুর জেলার সদর উপজেলার উত্তর হরিরামপুর দাখিল মাদ্রাসার সহকারী সুপার জনাব মোঃ নাসির উদ্দীন মাদ্রাসা দায়িত্ব সুপারের নিকট হস্তান্তর না করা সংক্রান্ত।
সূত্র: দিনাজপুর জেলার সদর উপজেলার উত্তর হরিরামপুর দাখিল মাদ্রাসার সুপার/সম্পাদক জনাব মোঃ আবুল বাসার এর নিকট হতে প্রাপ্ত আবেদন।

উপর্যুক্ত বিষয়ে দিনাজপুর জেলার সদর উপজেলার উত্তর হরিরামপুর দাখিল মাদ্রাসার সহকারী সুপার কর্তৃক মাদ্রাসা দায়িত্ব সুপারের নিকট হস্তান্তর না করার বিষয়ে উক্ত মাদ্রাসার সুপার জনাব মোঃ আবুল বাসার এ বিভাগে আবেদন দাখিল করেছেন।

২.০ জনাব মোঃ আবুল বাসার উল্লিখিত মাদ্রাসার সহকারী সুপার জনাব মোঃ নাসির উদ্দীন এবং মাদ্রাসার কর্তৃপক্ষের বিরুদ্ধে যে সকল অভিযোগ উত্থাপন করে আবেদন করেছেন তা সংক্ষেপে নিম্নরূপঃ

(ক) মাদ্রাসার কর্তৃপক্ষ যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করে আবেদনকারীকে (জনাব মোঃ আবুল বাসার) চাকুরি হতে বরখাস্তকরণ এবং সহকারী সুপারকে ভারপ্রাপ্ত সুপার হিসেবে নিয়োগের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটিতে প্রেরণ;

(খ) আবেদনকারীকে (জনাব মোঃ আবুল বাসার) চাকুরি থেকে অপসারণ করার প্রক্রিয়া যথাযথ না হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক আবেদন খারিজ করেন এবং আবেদনকারীকে (জনাব মোঃ আবুল বাসার) সুপার এর স্বপদে পুনর্বহালের জন্য মাদ্রাসার কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করেন;

(গ) আপিল এন্ড আরবিট্রেশন কমিটির আদেশ মাদ্রাসার কর্তৃপক্ষ পালন না করায় আবেদনকারী (জনাব মোঃ আবুল বাসার) মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন (১১০৪/২০১৮) দাখিল করেন; উক্ত রিট পিটিশন শুনানীতে তাঁকে চাকরীতে পুনর্বহালে আদেশ প্রদান করা হয়; এবং

(ঘ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আদেশ এবং রিট পিটিশন অনুযায়ী মাদ্রাসা কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করা।

৩.০ এমতাবস্থায়, বর্ণিত আবেদনের প্রেক্ষিতে বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১১ পাতা।

৫-৫-২০২১
সৈয়দ আসগর আলী
সহকারী সচিব


মহাপরিচালক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর গার্লস গাইস
হাউস (৭ম তলা)নিউ বেইলি রোড,ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২১.৫৫/১(৪)

তারিখ: ২২ বৈশাখ ১৪২৮
০৫ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) অতিরিক্ত সচিব(মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) অফিস কপি।



৫-৫-২০২১
সৈয়দ আসগর আলী
সহকারী সচিব